গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের নিমিত্ত গত ৩ বছরে সারাদেশে ৯,৬৫,৮৮১ জনকে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণোত্তর ঋণ হিসেবে ৩২১.৯৬ কোটি টাকা বিতরণ এবং ১,৯৫,৫৫০ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। যুব প্রশিক্ষণ ও কর্মসংস্থানের উপর গবেষণাধর্মী কার্যক্রম পরিচালনার জন্য শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৭ প্রণয়ন করা হয়েছে। ক্রীড়ার মানোন্নয়নে আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষকের মাধ্যমে ৪৮,৭৫১ জন খেলোয়াড়কে প্রশিক্ষণ প্রদান ও ২৮৩টি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আন্তর্জাতিক পর্যায়ে ২২২টি ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ৫৯৫টি স্বর্ণ, ৪৮৫টি রৌপ্য ও ৪৪১টি ব্রোঞ্জ পদক অর্জিত হয়েছে। এ সময়ে ক্রীড়ায় ৪৪টি নতুন জাতীয় রেকর্ড সৃষ্টি হয়েছে। ক্রীড়াক্ষেত্রে উৎসাহ প্রদানের লক্ষ্যে ৩৩৯০ জন দুস্থ ক্রীড়াবিদকে ৪.৪৬ কোটি টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া, ৬টি শারীরিক শিক্ষা কলেজের মাধ্যমে ১,৮২৯ জনকে শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে গড়ে তোলা একটি চ্যালেঞ্জ। আন্তর্জাতিক মানসম্পন্ন ক্রীড়াবিদ তৈরি করা একটি চ্যালেঞ্জ। আর্থিক অস্বচ্ছলতার দরুণ প্রশিক্ষণার্থীগণ দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত না করে ঝরে পড়ে, এতে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়। শহরাঞ্চলে শিশুদের খেলাধুলার উপযোগী পর্যাপ্ত মাঠ না থাকায় সকল শিশুকে খেলাধুলায় সম্পৃক্ত করা একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য পর্যায়ক্রমে সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ-বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিভা অন্বেষণ কর্মসূচি হতে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের জন্য ভর্তিকৃত খেলোয়াড়ের সংখ্যা বৃদ্ধি করা হবে। বিভিন্ন ফেডারেশন, এসোসিয়েশন ও ক্রীড়া সংস্থার মানোন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক মানের খেলোয়াড় সৃষ্টি ও ক্রীড়া স্থাপনার উন্নয়ন করা হবে। শহরাঞ্চলের শিশুদের জন্য মহল্লাভিত্তিক ক্রীড়া স্থাপনা তৈরি করা হবে। প্রশিক্ষিত যুবদের জন্য বিভাগীয় পর্যায়ে চাকরি মেলা আয়োজন করা হবে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৫৫,০০০ জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি;
- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে ৩,১০,০০০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান;
- ৩৬,৮০০ জন প্রশিক্ষিত যুবকে ১১৫ কোটি টাকা ঋণ প্রদান;
- ২৭টি সফল যুব/যুব সংগঠনকে জাতীয় যুব পুরস্কার প্রদান;
- ১০ জন ক্রীড়াবিদ/ক্রীড়া সংগঠককে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
- ১৮,০০০ জন ক্রীড়াবিদকে প্রশিক্ষণ প্রদান;
- ক্রীড়ায় উদ্বুদ্ধ করার জন্য ১১৪০ জন দুঃস্থ ক্রীড়াবিদকে আর্থিক অনুদান প্রদান;
- উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে খেলাধুলার সুযোগ বৃদ্ধির জন্য ৯০টি নতুন স্থাপনা নির্মাণ এবং ৩০টি ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার; এবং
- প্রশিক্ষিত যুবদের জন্য ঢাকায় চাকরি মেলা আয়োজন করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি এবং সুস্বাস্থ্য ও বিনোদনের জন্য ক্রীড়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও উৎপাদনশীল যুব সমাজ গঠন এবং ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উৎকর্ষ সাধন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুব সমাজ গঠন
২. ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. যুবদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ;
২. বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান ও যুব সংগঠনকে অনুদান প্রদান;
৩. যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ;
৪. জাতি গঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন;
৫. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলার আয়োজন, অংশগ্রহণ ও জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
৬. ক্রীড়াক্ষেত্রে প্রতিভা অন্বেষণ, গ্রামাঞ্চলে ক্রীড়া পরিবেশ সৃষ্টি ও দক্ষ ক্রীড়াবিদ তৈরিকরণ;
৭. বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান এবং অসচ্ছল ক্রীড়াবিদদের কল্যাণ অনুদান প্রদান; এবং
৮. ক্রীড়া স্থাপনা নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| যুবদের কর্মসংস্থান বৃদ্ধি | ন্যাশনাল সার্ভিসের অধীনে প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব | সংখ্যা (জন) | ৪১১৭৮ | ৪৫০০০ | ৫৫০০০ | ৬০০০০ | ৬০০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | প্রশিক্ষিত যুব | সংখ্যা (জন) | ২৭১০০০ | ২৮২০০০ | ৩১০০০০ | ৩৫০০০০ | ৩৭৫০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক মান অর্জন করা | অংশগ্রহণকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা | ৮৬ | ৮৪ | ৯৫ | ১০৫ | ১১০ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি। | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা | ৩৫ | ৪০ | ৫৫ | ৬০ | ৬৫ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি। | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুব সমাজ গঠন | ৩৮ | [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব | সংখ্যা (জন) | ৮ | ৪১১৭৮ | ৪৫০০০ | ৫৫০০০ | ৫৪৮০০ | ৫৪৭০০ | ৩৮৫০০ | ৩৩৫০০ | ৬০০০০ | ৬০০০০ |
| | | [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুব | সংখ্যা (জন) | ৭ | ৩৫৫৮৮১ | ২১৭০০০ | ৩১০০০০ | ৩০০০০০ | ২৯০০০০ | ২১৭০০০ | ১৮৭০০০ | ৩৫০০০০ | ৩৭৫০০০ |
| | | [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুবসংগঠন | সংখ্যা | ৭ | ৮৫০ | ৪১০ | ৪৫০ | ৪৪৫ | ৪৪০ | ৪১০ | ৪০০ | ৪৬০ | ৪৭০ |
| | | [১.৪] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৪.১] উপকারভোগী | সংখ্যা (জন) | ৪ | ৩৭৬৭৮ | ২৫৭৬০ | ৩৬৮০০ | ৩৩৮০০ | ২৯১০০ | ২৫৭৬০ | ২২০০০ | ৩৮০০০ | ৩৮৫০০ |
| | | [১.৫] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৫.১] আত্মকর্মী | সংখ্যা (জন) | ৪ | ৭৪৫০৯ | ২৮০০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৩৬০০০ | ২৮০০০ | ২৭০০০ | ৪৫০০০ | ৫০০০০ |
| | | [১.৬] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৬.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুবসংগঠক | সংখ্যা (জন) | ৩ | ১৯ | ২৭ | ২৭ | ২৪ | ২২ | ১৯ | | ২৭ | ২৭ |
| | | [১.৭] যুব প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [১.৭.১] পরিদর্শন প্রতিবেদন | সংখ্যা | ১ | | ৫০ | ৬০ | ৫৮ | ৫৫ | ৫০ | ৪০ | ৬৫ | ৭০ |
| | | | [১.৭.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ৮০ |
| | | [১.৮] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.৮.১] আয়োজিত অনুষ্ঠান | সংখ্যা | ১ | ১১৭২ | ১০৫০ | ১১৮৫ | ১১৭০ | ১১৬০ | ১০৫০ | ৯০০ | ১১৮৫ | ১১৮৫ |
| | | [১.৯] প্রচার- প্রচারণা | [১.৯.১] প্রকাশনা | সংখ্যা | ১ | ৮ | ১০ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১১ | ১১ |
| | | [১.১০] প্রশিক্ষিত যুবদের জন্য চাকরি মেলা আয়োজন | [১.১০.১] আয়োজিত মেলা | সংখ্যা | ১ | | | ১ | | | | | ৪ | ৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ | ৩৭ | [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ | সংখ্যা (জন) | ৮ | ১৭১২০ | ১৭১০০ | ১৮০০০ | ১৭৯৭০ | ১৭৭৬০ | ১৭১০০ | ১৭০৯৫ | ১৮২০০ | ১৮৫০০ |
| | | [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] প্রতিভাবান খেলোয়াড় | সংখ্যা (জন) | ৭ | ৩৯০৫ | ৩৭৩৬ | ৩৭৫০ | ৩৭৪৫ | ৩৭৪০ | ৩৭৩৬ | ৩৭৩০ | ৩৭৮০ | ৩৮০০ |
| | | [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] বিপিএড ডিগ্রী | সংখ্যা (জন) | ২ | ৫৯০ | ৪১৩ | ৫৯০ | ৫৮০ | ৫৭৫ | ৫৭০ | ৫৬০ | ৬০০ | ৬১০ |
| | | [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] বিস্পোর্ট ডিগ্রী | সংখ্যা (জন) | ২ | ২৬ | ২১ | ৩০ | ২৫ | ২৩ | ২১ | ২০ | ৩০ | ৩০ |
| | | [২.৫] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | সংখ্যা | ২ | ৯৪০ | ৬৫০ | ৭৫০ | ৭৪৫ | ৭৪০ | ৭৩৫ | ৭৩০ | ৭৫৫ | ৭৬০ |
| | | [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদ | সংখ্যা (জন) | ২ | ১০৩৮ | ১০০০ | ১১৪০ | ১১৩৭ | ১১৩৫ | ১১৩২ | ১১৩০ | ১১৫০ | ১২০০ |
| | | [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠান | সংখ্যা | ২ | ৫৭৫২ | ৬২২০ | ৬২৩০ | ৬২২৫ | ৬২২২ | ৬২২০ | ৬২১০ | ৬২৪০ | ৬২৪৫ |
| | | [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনা | সংখ্যা | ২ | ৯০ | ৯০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯৫ | ১০০ |
| | | [২.৯] ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ কার্যক্রম তদারকি | [২.৯.১] পরিদর্শন প্রতিবেদন | সংখ্যা | ১ | | ৫০ | ৬০ | ৫৮ | ৫৫ | ৫০ | ৪০ | ৬৫ | ৭০ |
| | | | [২.৯.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ৮০ |
| | | [২.১০] বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১০.১] প্রতিভাবান খেলোয়াড় | সংখ্যা (জন) | ২ | ৬৫৫ | ৬৬০ | ৬৮০ | ৬৭০ | ৬৬৫ | ৬৬০ | ৬৫০ | ৬৯০ | ৭০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| | | [২.১১] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.১১.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনা | সংখ্যা | ১ | ২৫ | ২৫ | ৩০ | ২৮ | ২৬ | ২৫ | ২০ | ৩৫ | ৪০ |
| | | [২.১২] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১২.১] অংশগ্রহণকৃত প্রতিযোগিতা | সংখ্যা | ১ | ৮৬ | ৮৪ | ৯৫ | ৯০ | ৮৮ | ৮৪ | ৭০ | ১০৫ | ১১০ |
| | | [২.১৩] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান | [২.১৩.১] ক্রীড়ায় ডিপ্লোমা | সংখ্যা (জন) | ১ | ২৯ | ৩০ | ৩০ | | | | | ৩০ | ৩০ |
| | | [২.১৪] কোচেস সার্টিফিকেট কোর্স | [২.১৪.১] কোর্সে অংশগ্রহণকারী | সংখ্যা (জন) | ১ | ১২০ | ১৫০ | ১৫৫ | ১৫৪ | ১৫২ | ১৫০ | ১৩০ | ২০০ | ২০০ |
| | | [২.১৫] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.১৫.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান | সংখ্যা (জন) | ১ | ৩১ | ০ | ১০ | | | | | ১০ | ১০ |
| | | [২.১৬] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.১৬.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা | ১ | ৩৫ | ৪০ | ৫৫ | ৫২ | ৫০ | ৪০ | ৩৫ | ৫৭ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্‌স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিস্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | [২.৬.১] নিস্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৪ জুলাই ২০১৮ খ্রি:

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মোঃ আসাদুল ইসলাম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমটিবিএফ | মিডিয়াম টার্ম বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ২ | এমবিএফ | মিনিষ্ট্রি বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ৩ | এনএসসি | ন্যাশনাল স্পোর্টস কাউন্সিল (জাতীয় ক্রীড়া পরিষদ) |
| ৪ | বিকেএসপি | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব | ২৪-৩৫ বছর বয়সী উচ্চ মাধ্যমিক বা তদুর্ধ্ব শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বেকার যুবদের ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা হয়। | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকারী যুবকের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুব | দেশ-বিদেশের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী ১-৬ মাস মেয়াদী ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং গ্রামীণ যুবদের আয় সঞ্চারণ ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে ১-৩ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকারী যুবদের সংখ্যা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুবসংগঠন | দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা পালনকারী সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ ও ক্ষুদ্র ঋণ গ্রহণের পর আত্মকর্মীর সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৪] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৪.১] উপকারভোগী | প্রশিক্ষিত যুবদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে সর্বোচ্চ এক লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | ঋণ গ্রহণকারীর সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৫] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৫.১] আত্মকর্মী | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ নিয়ে প্রকল্প গ্রহণ করে কমপক্ষে মাসিক ৪৫০০ টাকা আয় করলে সে আত্মকর্মীতে রূপান্তরিত হয়। | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকারী যুবকের সংখ্যা। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৬] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৬.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুবসংগঠক | কর্মের স্বীকৃতি সরূপ সফল যুব/যুবমহিলা/সংগঠককে প্রতিবছর জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | যুব পুরস্কারপ্রাপ্তদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৭] যুব প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [১.৭.১] পরিদর্শন প্রতিবেদন | যুব উন্নয়ন অধিদপ্তর এবং এর আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের যুব বিষয়ক কার্যক্রম তদারকি করা হয়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| | [১.৭.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | যুব উন্নয়ন অধিদপ্তর এবং এর আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের যুব বিষয়ক কার্যক্রম তদারকি করা হয়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সুপারিশ বাস্তবায়নের হার | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [১.৮] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.৮.১] আয়োজিত অনুষ্ঠান | যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা/জেলা প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ কর্তৃক স্থানীয় তালিকাভুক্ত যুব সংগঠনের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক সভা/সমাবেশ করে জনগণকে উদ্বুদ্ধ করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মাধ্যমে জনসচেতনতামূলক বাস্তবায়িত সভার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৯] প্রচার- প্রচারণা | [১.৯.১] প্রকাশনা | যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম বহুল প্রচারের নিমিত্ত প্রতিমাসে একটি যুব বার্তা প্রকাশ করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রকাশনার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.১০] প্রশিক্ষিত যুবদের জন্য চাকরি মেলা আয়োজন | [১.১০.১] আয়োজিত মেলা | কর্মসংস্থানে সুযোগ সৃষ্টিকারী সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের জন্য চাকরি মেলা আয়োজন করা হবে | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তর | আয়োজিত মেলার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ | দক্ষ ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে আন্তর্জাতিকমান সম্পন্ন কোচ দ্বারা ইভেন্ট ওয়ারি প্রশিক্ষণ দেয়া হয় | ক্রীড়া পরিদপ্তর ও বিকেএসপি | প্রশিক্ষিত ও দক্ষ খেলোয়াড়ের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] প্রতিভাবান খেলোয়াড় | ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ভবিষ্যত খেলোয়াড় তৈরির লক্ষ্যে প্রতিভা অনন্বেষণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর, এনএসসি ও বিকেএসপি | তৃণমূল হতে বাছাইকৃত খেলোয়াড়ের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] বিপিএড ডিগ্রী | কর্মসংস্থান সৃষ্টি, স্কুল/কলেজ/জেলা/বিভাগীয় পর্যায়ে ক্রীড়া ও শারীরিক শিক্ষায় পাঠ দান এবং ক্রীড়ার মানোন্নয়নের জন্য বিপিএড ডিগ্রী প্রদান করা হয় | ক্রীড়া পরিদপ্তর | বিপিএড ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] বিস্পোর্ট ডিগ্রী | ক্রীড়া শিক্ষায় দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বি স্পোর্টস ডিগ্রী প্রদান করা হয় | বিকেএসপি | ডিগ্রীপ্রাপ্ত মানবসম্পদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৫] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | ক্রীড়ার মানোন্নয়নের জন্য ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান/সংস্থা/ফেডারেশনসমূকে আর্থিক অনুদান প্রদান করা হয় | ক্রীড়া পরিদপ্তর ও এনএসসি | আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদ | ক্রীড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান প্রদান করা হয় | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | আর্থিক অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠান | ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া ক্লাব/স্কুল/কলেজে বিভিন্ন ধরণের ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর | ক্রীড়া সামগ্রীপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনা | খেলাধুলার মানোন্নয়নের জন্য উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে ক্রীড়া স্থাপনা নির্মাণ করা হয় | এনএসসি | নির্মিত ক্রীড়া স্থাপনার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৯] ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ কার্যক্রম তদারকি | [২.৯.১] পরিদর্শন প্রতিবেদন | বিকেএসপি, জেলা ও উপজেলা পর্যায়ে ক্রীড়া বিষয়ক প্রশিক্ষণ এবং ক্রীড়া সামগ্রী বিতরণ ও ক্রীড়া স্থাপনার সঠিক ব্যবহার তদারকি করা হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| | [২.৯.২] পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | বিকেএসপি, জেলা ও উপজেলা পর্যায়ে ক্রীড়া বিষয়ক প্রশিক্ষণ এবং ক্রীড়া সামগ্রী বিতরণ ও ক্রীড়া স্থাপনার সঠিক ব্যবহার তদারকি করা হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সুপারিশ বাস্তবায়নের হার | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [২.১০] বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১০.১] প্রতিভাবান খেলোয়াড় | সারা দেশে প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর | বিশেষ চাহিদাসম্পন্ন খেলোয়াড়ের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১১] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.১১.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনা | খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া স্থাপনা সংস্কার ও মেরামত করা হয় | এনএসসি | সংস্কার ও মেরামতকৃত স্থাপনার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১২] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১২.১] অংশগ্রহণকৃত প্রতিযোগিতা | ক্রীড়ার বিকাশ ও সুনাম অর্জনের লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে অর্জিত স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ পদক দেয়া হয় | এনএসসি ও বিকেএসপি | অর্জিত স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ পদকের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৩] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান | [২.১৩.১] ক্রীড়ায় ডিপ্লোমা | ক্রীড়া ক্ষেত্রে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান করা হয় | বিকেএসপি | ডিপ্লোমাপ্রাপ্তদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৪] কোচেস সার্টিফিকেট কোর্স | [২.১৪.১] কোর্সে অংশগ্রহণকারী | খেলোয়াড়দের উন্নতমানের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষকদের কোচেস সার্টিফিকেট ডিগ্রী প্রদান করা হয় | বিকেএসপি | কোচেস সার্টিফিকেটপ্রাপ্তদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সুচকসমুহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১৫] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.১৫.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান | ক্রীড়াক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিসরূপ প্রতিবছর শ্রেষ্ঠ ১০জন ক্রীড়াবিদকে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [২.১৬] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.১৬.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | বিভিন্ন ফেডারেশন কর্তৃক আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় | এনএসসি | আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|